

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৭৮

১/ বিবিধ

আরবী

ينادي مناد يوم القيامة: لا يقوم اليوم إلا أحد له عند الله يد، فيقول الخلائق: سبحانك لك اليد، فيقول ذلك مرارا، فيقول: بلى من عفا في الدنيا بعد قدرة منكر

رواه ابن عدي في " الكامل " (242/1) عن عمر بن راشد: حدثنا عبد الرحمن بن عقبة بن سهل عن أبيه عن سعيد بن المسيب عن أبي هريرة مرفوعا وقال: " عمر بن راشد هذا ليس بالمعروف، وأحاديثه كلها مما لا يتابعه الثقات عليها قلت: وهو عمر بن راشد مولى مروان بن أبان بن عثمان، قال ابن عدي: " شيخ مجهول كان بمصر يحدث عنه مطرف أبو مصعب المدني وأحمد بن عبد المؤمن المصري ويعقوب بن سفيان الفارسي ثم ساق له أحاديث هذا أحدها قلت: وعمر هذا هو الجاري المدني المترجم في " الميزان " و " التهذيب "، وصرح بذلك الذهبي في " الضعفاء " وهو صنيع الحافظ في " اللسان " فإنه ساق في ترجمته بعض الأحاديث التي أوردها ابن عدي في ترجمة المولى، وهذا منها

বাংলা

১২৭৮। কিয়ামতের দিন আহবানকারী আহবান করে বলবেঃ আজকের দিনে একমাত্র এমন এক ব্যক্তিই দাঁড়াবে যার জন্য আল্লাহর নিকট হাত রয়েছে। সৃষ্টিকুল বলবে (হে প্রভু) তোমার পবিত্রতা বর্ণনা করছি তোমার হাত রয়েছে। এ কথা বার বার বলবে। অতঃপর আল্লাহ্ বলবেনঃ হ্যাঁ, যে ব্যক্তি দুনিয়াতে শক্তি থাকার পরেও ক্ষমা

করবে (তার জন্য হাত রয়েছে)।

হাদীসটি মুনকার।

হাদীসটি ইবনু আদী "আল-কামেল" গ্রন্থে (১/২৪২) উমার ইবনু রাশেদ হতে, তিনি আব্দুর রহমান ইবনু উকবাহ ইবনে সাহল হতে, তিনি তার পিতা হতে, তিনি সাঈদ ইবনুল মুসাইয়্যাব হতে, তিনি আবু হুরাইরাহ্ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

তিনি (ইবনু আদী) বলেনঃ এ উমার ইবনু রাশেদ পরিচিত নন। তিনি যেসব হাদীস বর্ণনা করেছেন সেগুলোর কোনটিরই নির্ভরযোগ্য বর্ণনাকারীগণ মুতাবায়াত করেননি।

আমি (আলবানী) বলছিঃ উমার ইবনু রাশেদ মারওয়ান ইবনু আবান ইবনে উসমানের দাস। ইবনু আদী তার সম্পর্কে বলেনঃ তিনি অপরিচিত মাজহুল শাইখ। তিনি মিসরে ছিলেন। তার থেকে মুতাররাফ আবু মুস'য়াব মাদানী, আহমাদ ইবনু আব্দিল মু'মিন মিসরী এবং ইয়াকুব ইবনু সুফইয়ান ফারেসী হাদীস বর্ণনা করেন।

অতঃপর তিনি তার কতিপয় হাদীস উল্লেখ করেছেন, এটি সেগুলোর একটি।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72157>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন